# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৯৩. অতীত আর কখনো ফিরে আসবে না

لِّكَيْلَا تَأْسَوْا عَلَىٰ مَا فَاتَكُمْ

“যা তোমরা পাওনি তা নিয়ে তোমরা যাতে দুঃখ না কর।” (৫৭-সূরা আল হাদীদ: আয়াত-২৩)

আদম (আঃ) মূসা (আঃ)-কে বলেছেন- “আল্লাহ (তায়ালা) আমাকে সৃষ্টি করার ৪০ (চল্লিশ) বছর পূর্বে আমার তকদীরে বা ভাগ্যে যা নির্দিষ্ট করে রেখেছিলেন তার জন্য তুমি কি আমাকে দোষারোপ কর?”

এ কথাটি সম্বন্ধে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- “আদম (আঃ) মূসা (আঃ)-কে তর্কে হারিয়ে দিলেন, আদম (আঃ) মূসা (আঃ)-কে তর্কে হারিয়ে দিলেন, আদম (আঃ) মূসা (আঃ)-কে তর্কে হারিয়ে দিলেন।”

তোমার নিজের মাঝে সুখের সন্ধান কর, তোমার চারিধারে বা বাহিরে নয়। উর্বর ইংরেজ কবি মিল্টন বলেছেন-

“Verily, the mind on its own is capable of transforming paradise into hell and hell into paradise!”.

“মন নিজেই স্বর্গ থেকে নরকে এবং নরক থেকে স্বর্গে রূপান্তরিত হতে পারে।”

আরব কবি মুতানাব্বি বলেছেন- “বুদ্ধিমান ব্যক্তি ধনী অবস্থায় তার প্রতিভার কারণে ভোগে; অথচ, যখন নাকি মূর্খ ব্যক্তি দরিদ্র অবস্থায় সুখী।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7602

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন